গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় শাখা
www.mole.gov.bd

# শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের জুন, ২০২৬ মাসের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যপত্র

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আব্দুর রহমান তরফদার<br>সচিব<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২১ জুলাই, ২০২৬ |
| সময় | : | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ |

| আলোচ্যসূচি | গৃহীত সিদ্ধান্তের উপর আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| গত অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | গত ২৪ জুন ২০২৬ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধন আছে কিনা এ বিষয়ে আলোচনা। | - | মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ/ অধিশাখা/শাখা |

| ক্রম | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি | উপস্থাপনকারী |
|---|---|---|---|
| ২.১ | **মন্ত্রণালয়ের শূন্যপদের বিবরণ ও জনবল নিয়োগ**<br>(ক) শূন্য পদসমূহ দ্রুত পূরণের লক্ষ্যে বিধি মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে; এবং<br><br>(খ) নন-ক্যাডার ১ম ও ২য় শ্রেণির শূন্যপদে জনবল নিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় ও বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | (ক) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ০৪টি ক্যাটাগরির মোট ২৭টি শূন্যপদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ২৩ জন প্রার্থী ১৫-০৬-২০২৬ তারিখে যোগদান করেছেন। যোগদানকৃত প্রার্থীদের মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা/অধিশাখায় পদায়ন করা হয়েছে। অবশিষ্ট শূন্যপদ পূরণের কার্যক্রম বিধি মোতাবেক চলমান রয়েছে।<br><br>(খ) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কর্তৃক ৪৪তম বিসিএস (নন-ক্যাডার) এর মাধ্যমে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ০৩টি শূন্যপদের বিপরীতে ০৩ জন প্রার্থীকে সুপারিশ করা হয়েছে। এর মধ্যে গ্রন্থাগারিক (গ্রেড-৯) পদে ০১ জন, সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী (গ্রেড-৯) পদে ০১ জন এবং প্রশাসনিক কর্মকর্তা (গ্রেড-১০) পদে ০১ জন রয়েছেন। উক্ত সুপারিশের প্রেক্ষিতে প্রার্থীদের নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | প্রশাসন শাখা |
| ২.২ | **গবেষণা সেলের কার্যক্রম**<br>(ক) শ্রম অনুবিভাগ প্রধানকে আহ্বায়ক করে গবেষণা পুলের বিদ্যমান কমিটি পুনর্গঠন করতে হবে;<br>(খ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরকে নির্বাচিত ১১টি গবেষণা বিষয় দ্রুত চূড়ান্ত করে গবেষণা কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং<br><br>(গ) আগামী সমন্বয় সভার পূর্বে গবেষণা পুলের পুনর্গঠিত কমিটি সংশ্লিষ্ট অংশীজনদের সাথে সভা করে TOR (Terms of Reference) চূড়ান্ত করবে। | (ক) কমিটি পুনর্গঠনের জন্য ফাইল উপস্থাপন করা হয়েছে। দ্রুত অফিস আদেশ জারি করা হবে।<br><br>(খ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক নির্বাচিত ১১টি গবেষণা বিষয়ে কার্যক্রম চলমান আছে।<br><br>(গ) গবেষণা পুলের পুনর্গঠিত কমিটি গঠনের পর সংশ্লিষ্ট অংশীজনদের সাথে সভা করে TOR চূড়ান্ত করা হবে। | শ্রম শাখা |
| ২.২ | **অভ্যন্তরীণ প্রশিক্ষণ**<br>২০২৬-২০২৭ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়নের সময় কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির বিষয়টি বিবেচনায় নিয়ে আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO)-এর কার্যক্রম, বেটার ওয়ার্ক, ডিসেন্ট ওয়ার্কসহ শ্রম খাত সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বিষয়সমূহ অন্তর্ভুক্ত করে একটি বাস্তবভিত্তিক ও কার্যকর প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন করতে হবে। | ২০২৬-২০২৭ অর্থবছরে একটি বাস্তবভিত্তিক ও কার্যকর প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়নকালে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির বিষয়টি বিবেচনায় নিয়ে আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO)-এর কার্যক্রম, বেটার ওয়ার্ক, ডিসেন্ট ওয়ার্কসহ শ্রম খাত সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বিষয়সমূহ অন্তর্ভুক্তির নির্দেশনা অনুসরণ করা হবে। | প্রশিক্ষণ শাখা |
| ২.৩ | **ডি-ফাইল বাস্তবায়ন কার্যক্রম**<br>(ক) মন্ত্রণালয়ের সকল শাখা/ অধিশাখায় ডি-নথির কার্যকর ব্যবহার নিশ্চিতকরণ এবং ডি-নথিতে নথি ও চিঠিপত্র নিষ্পত্তির হার বৃদ্ধি ও শতভাগ করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) ডি-নথিতে নথি ও চিঠিপত্র নিষ্পত্তির অগ্রগতি | (ক) শতভাগ ডি-নথি ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখায় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। আইসিটি সেলে প্রাপ্ত অধিকাংশ পত্র ডি-নথির মাধ্যমে নিষ্পত্তি করা হয়। এছাড়া, অন্যান্য শাখা/অধিশাখার প্রয়োজনীয় কারিগরি সহায়তা নিয়মিতভাবে প্রদান করা হচ্ছে। জুন, ২০২৬ মাসে হার্ডকপিতে প্রাপ্ত সকল ডাক (১০০%) ফ্রন্ট ডেস্ক কর্তৃক ডি-নথিতে আপলোড করে | আইসিটি সেল |

<table>
<tr>
<td></td>
<td>নিয়মিতভাবে আইসিটি সেলকে অবহিত করতে হবে; এবং<br><br>(গ) ডি-নথিতে নিষ্পত্তি সংক্রান্ত প্রাপ্ত তথ্য ছক আকারে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>নিষ্পত্তি করা হয়েছে। জুন, ২০২৬ মাসে মন্ত্রণালয়ের ২৯টি শাখা/অধিশাখা থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী ডি-নথিতে মোট ৫৬৯টি নথি নিষ্পত্তি হয়েছে এবং হার্ডফাইলে কোনো নথি নিষ্পত্তি হয়নি। ফলে ডি-নথিতে নথি নিষ্পত্তির হার ১০০%।<br><br>(খ) ডি-নথিতে নথি ও পত্র নিষ্পত্তির অগ্রগতি নিয়মিতভাবে আইসিটি সেলকে অবহিত করা হচ্ছে।<br><br>(গ) শাখা/অধিশাখা থেকে প্রাপ্ত হার্ডফাইলে নথি নিষ্পত্তি-সংক্রান্ত তথ্য ছক আকারে সমন্বয় সভায় উপস্থাপন করা হচ্ছে।</td>
<td></td>
</tr>
<tr>
<td>২.৪</td>
<td>অডিট আপত্তি নিষ্পত্তি<br>(ক) উপসচিব (বাজেট অধিশাখা)-কে আহ্বায়ক করে অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত একটি কমিটি গঠন করতে হবে;<br><br>(খ) সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরের সাথে নিয়মিত যোগাযোগের মাধ্যমে মন্ত্রণালয়ের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং<br><br>(গ) অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>(ক) অগ্রগতি সভার আলোচনা করা যেতে পারে।<br><br>(খ) মন্ত্রণালয়ের অডিট আপত্তিসমূহ সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরের সফটওয়্যারে এন্ট্রিকৃত অডিট আপত্তির সাথে সমন্বয় করার জন্য সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রয়েছে।<br><br>(গ) অডিট-আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক অধিক সংখ্যক দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন করে অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে। মন্ত্রণালয়ের সামগ্রিক অডিট আপত্তির তথ্য নিম্নরূপ:
<table>
<tr><td>মন্ত্রণাল</td><td>অডিট আপত্তির সংখ্যা</td><td>আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়)</td><td>ব্রডশিটে জবাবের সংখ্যা</td><td>অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা</td><td>আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়)</td></tr>
<tr><td>শ্রম ও কর মসংস্থান মন্ত্রণালয়</td><td>৩৫</td><td>১৪৩৮১.০৭</td><td>৩৫</td><td>৩৫</td><td>১৪৩৮১.০৭</td></tr>
</table></td>
<td>১. প্রশাসান শাখা<br>২. বাজেট শাখা</td>
</tr>
<tr>
<td>২.৫</td>
<td>বাজেট<br>সকল ধরণের ব্যয় ও ক্রয় কার্যক্রম অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী করতে হবে এবং নিয়মিতভাবে Budget Management Committee (BMC)-র সভা আয়োজন করতে হবে।</td>
<td>সকল ধরণের ব্যয় ও ক্রয় কার্যক্রমে অর্থ বিভাগের পরিপত্র প্রতিপালন করা হয়। নিয়মিতভাবে Budget Management Committee (BMC)-র সভা আয়োজন করা হয় এবং ২০২৫-২৬ অর্থবছরের ৪র্থ কোয়ার্টারের সভা শিঘ্রই আয়োজন করা হবে।</td>
<td>বাজেট শাখা</td>
</tr>
<tr>
<td>২.৬</td>
<td>আইন, বিধিমালা ও নীতিমালা প্রণয়ন/ সংশোধন<br>বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ (সংশোধিত ২০২২) সংশোধনের কার্যক্রম অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত সম্পন্ন করতে হবে।</td>
<td>বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ (সংশোধিত ২০২২) পুনরায় সংশোধনের কার্যক্রম চলমান রয়েছে। এ লক্ষ্যে ৬ জুলাই ২০২৬ তারিখে বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ (সংশোধিত ২০২২) সংশোধন সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রাপ্ত মতামত ও সুপারিশের আলোকে বিধিমালার সংশোধনী প্রস্তাব পর্যালোচনা ও চূড়ান্তকরণের কার্যক্রম চলমান রয়েছে।</td>
<td>আইন শাখা</td>
</tr>
<tr>
<td>২.৭</td>
<td>প্যানেল আইনজীবী নিয়োগ<br>মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ মামলাসমূহ সরকার পক্ষে পরিচালনার জন্য বেসরকারি প্যানেল আইনজীবী নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।</td>
<td>মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ মামলাসমূহ সরকারপক্ষে পরিচালনার লক্ষ্যে বেসরকারি প্যানেল আইনজীবী নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। এ লক্ষ্যে ‘প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি’র সভা ২৮/০১/২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়, যেখানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগের জন্য মোট ২২টি আবেদন প্রাপ্ত হয়। পরবর্তীতে প্রাপ্ত আবেদনসমূহ মূল্যায়নের জন্য ০৮/০২/২০২৬ তারিখে প্রস্তাব মূল্যায়ন কমিটির সভা আহ্বান করা হলেও নির্বাচনকালীন সময়ে কমিটির কয়েকজন সদস্য নির্বাচনী দায়িত্বে নিয়োজিত থাকায় সভাটি স্থগিত করা হয়। বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে শীঘ্রই প্রস্তাব মূল্যায়ন কমিটির সভা আয়োজন করা হবে।</td>
<td>আইন শাখা</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ২.৮ | **কর্মসংস্থান অধিদপ্তর গঠন**<br>কর্মসংস্থান অধিদপ্তর গঠন বিষয়ে তৃতীয় পরামর্শ সভা যথাসময়ে আয়োজনপূর্বক প্রাপ্ত মতামত ও সুপারিশের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করে প্রস্তাব চূড়ান্ত করতে হবে। | কর্মসংস্থান অধিদপ্তর গঠনের লক্ষ্যে ২৮/০৬/২০২৬ তারিখে দেশের বিশিষ্ট অংশীজনদের অংশগ্রহণে ৩য় পরামর্শ সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রাপ্ত মতামত ও সুপারিশের আলোকে কর্মসংস্থান অধিদপ্তর গঠন সংক্রান্ত কার্যক্রম এগিয়ে নেওয়া হচ্ছে। উক্ত সভার পরামর্শ মোতাবেক কর্মসংস্থান অধিদপ্তর গঠন এবং এর আওতায় জেলা ও উপজেলা পর্যায়ে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ সেন্টার প্রতিষ্ঠার বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। শীঘ্রই প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। | কর্মসংস্থান শাখা |
| ২.৯ | **অনিষ্পন্ন বিষয়**<br>(ক) ছক অনুযায়ী অনিষ্পন্ন তথ্য প্রতিমাসের ৩ তারিখের মধ্যে সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে; এবং<br>(খ) অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তি ত্বরান্বিত করার লক্ষ্যে মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ প্রধান তাঁদের দপ্তর এবং অধীনস্থ দপ্তর/সংস্থার সকল অনিষ্পন্ন বিষয় নিয়ে প্রতিমাসের ১ম সপ্তাহে সভা করবেন। | ছকে উপস্থাপন করা হবে। | সমন্বয় শাখা |
| ২.১০ | **সচিবালয় নির্দেশমালা, ২০২৪ অনুযায়ী অধিশাখা/ শাখা পরিদর্শন**<br>(ক) সচিবালয় নির্দেশমালা, ২০২৪ অনুযায়ী আগামী সমন্বয় সভার পূর্বে প্রতি অনুবিভাগ প্রধানকে তাঁর অধীন ন্যূনতম একটি শাখা/অধিশাখা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করতে হবে; এবং<br>(খ) শাখা পরিদর্শনের প্রতিবেদন যাচাই করে অগ্রাধিকার ভিত্তিক সুপারিশ বাস্তবায়নে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) জুন, ২০২৬ মাসে কোনো শাখা/অধিশাখা হতে পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায়নি।<br>(খ) অগ্রগতি সমন্বয় শাখায় আলোচনা করা যেতে পারে। | প্রশাসন শাখা |
| ২.১১ | **সিটিজেন চার্টার বাস্তবায়ন**<br>মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক কার্যক্রম সম্পন্ন করতে হবে। | সিটিজেন চার্টার কর্মপরিকল্পনা ২০২৫-২৬ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসরণ করা হচ্ছে। এছাড়া, সম্প্রতি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সিটিজেন চার্টার হালনাগাদের জন্য গত ০২/০৬/২০২৬ তারিখে পত্রের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। ইতোমধ্যে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করেছে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ২.১২ | **তথ্য অধিকার**<br>তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী প্রাপ্ত আবেদনসমূহ নিষ্পন্ন এবং প্রতিমাসে কতজনকে ও কী কী বিষয়ে তথ্য প্রদান করা হয়েছে তা সংক্ষিপ্তাকারে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী গত ২৫-০৬-২০২৬ তারিখে জনাব মোঃ আবদুল আউয়াল, ফরিদপুর-এর নিকট হতে ডাকযোগে তথ্য প্রাপ্তির একটি আবেদন পাওয়া যায়। উক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে গত ০৬-০৭-২০২৬ তারিখে আবেদনকারীর চাহিদা অনুযায়ী তথ্য ডাকযোগে প্রেরণ করা হয়েছে। | তথ্য প্রদানকারী কর্মকর্তা |
| ২.১৩ | **অভিযোগ প্রতিকার ব্যবস্থা বা** Grievance Redress System (GRS)<br>অভিযোগ প্রাপ্তির পর যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে দ্রুত নিষ্পত্তি এবং প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | Grievance Redress System (GRS)-এ প্রাপ্ত অভিযোগসমূহ যথাসময়ে নিষ্পত্তি করা হচ্ছে এবং প্রতি মাসে মন্ত্রিপরিষদ বিভাগে নিয়মিত প্রতিবেদন প্রেরণ করা হয়। উল্লেখ্য জুন, ২০২৬ মাসে ২১ (একুশ)টি অভিযোগ পাওয়া গেছে এবং গত মাসের জের ৮ (আট)টিসহ মোট অভিযোগ ২৯টি। তন্মধ্যে ১৪ | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | | (চৌদ্দ)টি অভিযোগ অন্য দপ্তরে প্রেরণ করা হয়েছে এবং ০১ (এক)টি অভিযোগই নিষ্পত্তি করা হয়েছে। অবশিষ্ট ১৪ (চৌদ্দ)টি অভিযোগের কার্যক্রম চলমান রয়েছে; যার সময় অতিক্রম হয়নি। | |
| ২.১৪ | **ই-সার্ভিস কার্যক্রম বাস্তবায়ন ও তথ্য বাতায়ন হালনাগাদকরণ**<br>(ক) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী যথাযথভাবে ই-সার্ভিস কার্যক্রম বাস্তবায়ন ও যথাসময়ে অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে;<br>(খ) মন্ত্রণালয়ের কার্যক্রম যথাযথভাবে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করতে হবে; এবং<br>(গ) নিয়মিতভাবে তথ্য বাতায়ন হালনাগাদ করতে হবে। | (ক) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ২০২৫-২৬ অর্থবছরের ই-সার্ভিস কার্যক্রম বাস্তবায়ন চলমান রয়েছে এবং যথাসময়ে অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।<br>(খ) এ মন্ত্রণালয় কর্তৃক প্রাতিষ্ঠানিক এবং অপ্রাতিষ্ঠানিক শ্রমিক ও তাদের সন্তানদের শিক্ষা ও চিকিৎসাসহ বিভিন্ন বিষয়ে আর্থিক সহয়তা প্রদান, শিশুশ্রম নিরসন, শ্রমিকদের জন্য নিরাপদ কর্মপরিবেশ নিশিতকরণসহ বিভিন্ন বিষয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করা হচ্ছে।<br>(গ) মন্ত্রণালয়ের আইসিটি সেল কর্তৃক নিয়মিতভাবে মন্ত্রণালয়ের তথ্য বাতায়ন হালনাগাদ প্রদান করা হয়। | আইসিটি সেল |
| ২.১৫ | **সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি / Governance Performance Monitoring System (GPMS)**<br>মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS)-এর আওতাধীন কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন, সূচকসমূহের অগ্রগতি নিয়মিত হালনাগাদ এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS)-এর আওতাধীন কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন, সূচকসমূহের অগ্রগতি নিয়মিত হালনাগাদ এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন প্রেরণ করা হয়। এর ধারাবাহিকতায় ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রতিবেদন ১৫/০৭/২০২৬ তারিখে সফটওয়্যারের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ২.১৬ | **বিবিধ**<br>(ক) সরকারের নির্বাচনী ইশতেহার-২০২৬-এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ১৮০ দিনের কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ)-কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রদানের প্রয়োজনীয় আদেশ জারি করতে হবে;<br>(খ) অর্থবছরভিত্তিক বার্ষিক প্রতিবেদন প্রণয়নের কার্যক্রম শুরু করার লক্ষ্যে যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)-কে আহ্বায়ক, মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার প্রতিনিধিগণকে সদস্য এবং মন্ত্রণালয়ের আইসিটি শাখার সিস্টেম এনালিস্টকে সদস্য-সচিব করে একটি কমিটি গঠন করতে হবে; এবং<br>(গ) শিল্পাঞ্চলে শ্রম পরিস্থিতি, শ্রমিকদের বেতন-ভাতা ও অন্যান্য শ্রম-সংক্রান্ত বিষয় নিয়মিত পর্যবেক্ষণের লক্ষ্যে একটি স্থায়ী পরিদর্শন ও মনিটরিং কমিটি গঠন করতে হবে। কমিটি প্রয়োজন অনুযায়ী মাসে অন্তত একবার অথবা একাধিকবার শিল্পাঞ্চল পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবে। | (ক) ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ করা হয়েছে।<br>(খ) কমিটি গঠন করা হয়েছে।<br>(গ) কমিটি পুনর্গঠনের জন্য ফাইল উপস্থাপন করা হয়েছে। দ্রুত অফিস আদেশ জারি করা হবে। | প্রশাসন শাখা |

(মোঃ মোস্তাফিজুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়